# হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবীরা গুনাহ্ পরিচিতি

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

কোন যালিমের আক্রমণ থেকে বাঁচার জন্য যা করতে হয়

‘আব্দুল্লাহ্ বিন্ ‘আববাস্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন:

إِذَا أَتَيْتَ سُلْطَانًا مَهِيْبًا تَخَافُ أَنْ يَسْطُوَ بِكَ فَقُلْ: اللهُ أَكْبَرُ، اللهُ أَعَزُّ مِنْ خَلْقِهِ جَمِيْعًا، اللهُ أَعَزُّ مِمَّا أَخَافُ وَأَحْذَرُ، أَعُوْذُ بِاللهِ الَّذِيْ لَا إِلَهَ إِلاَّ هُوَ، الْـمُمْسِكُ السَّمَاوَاتِ أَنْ يَّقَعْنَ عَلَى الْأَرْضِ إِلاَّ بِإِذْنِه، مِنْ شَرِّ عَبْدِكَ فُلَانٍ وَجُنُوْدِهِ وَأَتْبَاعِهِ وَأَشْيَاعِهِ مِنَ الْـجِنِّ وَالْإِنْسِ، اللَّهُمَّ كُنْ لِيْ جَارًا مِنْ شَرِّهِمْ، جَلَّ ثَنَاؤُكَ، وَعَزَّ جَارُكَ وَتَبَارَكَ اسْمُكَ وَلَا إِلَهَ غَيْرُكَ ـ ثَلَاثَ مَرَّاتٍ ..

“যখন তুমি ভয়ঙ্কর কোন রাষ্ট্রপতির সামনে উপস্থিত হও এবং তার যুলুম ও আক্রমণের ভয় পাও তখন উপরোক্ত দো‘আটি বলবে যার অর্থ: আল্লাহ্ তা‘আলা সর্বমহান। আল্লাহ্ তা‘আলা তাঁর সকল সৃষ্টি থেকেও অধিক সম্মানী। আমি যা ভয় পাচ্ছি অথবা যে ব্যাপারে আশঙ্কা করছি এর চাইতেও আল্লাহ্ তা‘আলা অনেক উর্ধ্বে। আমি আল্লাহ্ তা‘আলার আশ্রয় চাচ্ছি। তিনি ছাড়া আর কোন মা’বূদ নেই। তিনিই সমস্ত আকাশ মন্ডলকে ধরে রেখেছেন যেন তাঁর অনুমতি ছাড়া তা ভূমন্ডলে ভেঙ্গে না পড়ে। (হে আল্লাহ্! আমি আপনার আশ্রয় চাচ্ছি) আপনার অমুক বান্দাহ্, তার সেনাবাহিনী, অনুসারী ও অনুগামীদের অনিষ্ট থেকে। চাই তারা জিন হোক অথবা মানব। হে আল্লাহ্! আপনি তাদের অনিষ্ট থেকে আমাকে রক্ষা করুন। আপনি প্রশংসিত সুমহান। আপনার আশ্রয়ই বড় আশ্রয়। আপনার নাম কতই না বরকতময়। আপনি ছাড়া কোন মা’বূদ নেই। উক্ত দো‘আটি তিন বার বলবে”।

(ইব্নু আবী শাইবাহ্ খন্ড ৬ হাদীস ২৯১৭৭ ত্বাবারানী/কাবীর খন্ড ১০ হাদীস ১০৫৯৯ সা’হীহুত্ তারগীবি ওয়াত্ তারহীব, হাদীস ২২৩৮)

Source — https://www.hadithbd.com/books/link/?id=6672

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন